
Cover Page of Book
প্রতিফলন
Pratifalan
সম্পাদনা
মনোজ মাইতি
ননীগোপাল দাস

# প্রতিফলন
PRATIFALLAN

প্রতিফলন প্রবন্ধ সংকলন
PRATIFALLAN PRABANDHA SANKALAN

Year of Publication

প্রথম প্রকাশ আগস্ট ২০২১
August,2021

গ্রন্থস্বত্ব
প্রতিফলন প্রবন্ধ সংকলনটির সমস্ত লেখক-লেখিকা বৃন্দ

প্রচ্ছদ

প্রকাশক: ইচ্ছেবাতি সাহিত্য পত্রিকা ও প্রকাশনী
ব্যান্ডেল নলডাঙ্গা নারায়নপুর, ব্যান্ডেল -৭১২১২৩

Publishedby : ICCHEBATI PUBLISHER'S
Publisher's Address : BANDEL NALDANGA NARAYANPUR NEAR
BARUN DECORATOR HOUSE &
NANDI PRESS. BANDEL, 712123
Mobile : 9123088576 / 8910899621
E-mail : icchebatimagazinepublishers222@gmail.com

Printer's Details : MONDAL DESIGN & PRINTER'S
Address : DHARAMPUR, CHINSURAH, HOOGHLY 712101

EditionDetails : 1ST EDITION

ISBN: 9 788195 319596

Copyright:©ICCHEBATIPUBLISHER'S

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোন অংশেরই কোনো পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না।

মূল্য -১৫০ টাকা

# প্রতিফলন

## প্রবন্ধ সংকলন


Monoj Maiti
(Editor of the Book)

M.Sc. in 'Human Physiology' with Special Paper 'Endocrinology, Reproductive Physiology and Family Welfare', Advance Diploma in Computer Applications (ADCA).
State Aided College Teacher (SACT) in Department of Physiology of Bajkul Milani Mahavidyalaya, Bajkul, 721655, Purba Medinipur, West Bengal. Former Guest Teacher in Department of Physiology of Yogoda Satsanga Palpara Mahavidyalaya, Palpara, 721458, Purba Medinipur, West Bengal and Former Guest Teacher in Department of Physiology of Mahishadal Raj College, Mahishadal, 721628, Purba Medinipur, West Bengal, India.

Nanigopal Das
(Join - Editor of the Book)

M. A. in Philosophy with Special Paper Advanced logic and Philosophy of Cognitive Science, Certificate in Computer Application (CITA) State Aided College Teacher and acting Head in Department of Philosophy of Swarnamoyee Jogendranath Mahavidyalaya, Amdabad, 721650, Purba Medinipur, West Bengal, India.

Table of Contents

# সূচীপত্র


- মন ও মননে সংগীতের প্রভাব, মধুশ্রী মাইতি শাসমল।
- শিশুদের মানসিক বিকাশ ও কাউন্সেলিং, জয়দেব বেরা
- হাবিব তনবীর : ভারতীয় নাট্য-সাহিত্যের অন্যতম অধ্যায়, ড. চন্দন বারিক।
- ফুটবল খেলা প্রসঙ্গে স্বামী বিবেকানন্দ–একটি অজানা দিক, সনাতন দাস।
- কোভিড -১৯ এর যুগে আর্থসামাজিক ও মানসিক স্বাস্থ্যের অবস্থান, অতীন কুমার মাইতি।

Darshaner Mulya Kothay,Nanigopal Das

- দর্শনের মূল্য কোথায় ?, ননীগোপাল দাস।
- সংস্কৃতির রক্ষায় প্রাচীন সংস্কৃত সাহিত্য, অমিতাভ পাহাড়ি।
- ভারতের 'বারমুডা ট্রাইএঙ্গেল, নারায়ণ চন্দ্র বেরা।
- করোনা ভাইরাস কি কি শেখালো, মনোজ মাইতি।
- মনের ক্রিয়ায় শরীরের প্রতিক্রিয়া, শীতলী জানা (গুড়িয়া) ।
- প্রাকৃতিক শব্দের সঙ্গে তবলার শব্দের মেলবন্ধন, তরুন মিশ্র।
- জল দূষণ এবং মানুষের স্বাস্থ্য, মৌসুমী মান্না।
- তর্কবিজ্ঞানে বচনের প্রাথমিক ধারনা, দেবাশিস গিরি।
- বিশ্ব উষ্ণায়ন পরিবেশ সমস্যা ও সমাধান, দেবাশীষ কুমার চাকি।
- ভারতীয় দার্শনিক দৃষ্টিভঙ্গিতে ঈশ্বর ধারণা, পহেলী মাইতি।

First Page of Referenced Publications,
Name of Author and Name of HEI

# দর্শনের মূল্য কোথায় ? Darshaner Mulya Kothay

নন্দীগোপাল দাস, স্টেট অ্যাডেড কলেজ টিচার (SACT)
দর্শন বিভাগ, স্বর্ণময়ী যোগেন্দ্রনাথ মহাবিদ্যালয়
আমদাবাদ, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর, 721650
Nanigopal Das, SACT,Swarnamoyee Jogendranath Mahavidyalaya

"আকাশ ভরা সূর্য তারা বিশ্বভরা প্রাণ
তাহারি মাঝখানে আমি পেয়েছি মোর স্থান
বিস্ময়ে তাই জাগে আমার গান " (১)।।

আদিম অরণ্যচারী মানুষের চোখে বৈচিত্র্যময়ী বিশ্ব প্রকৃতি প্রথমেই জাগিয়েছিল বিস্ময় আর এই বিস্ময়ে থেকেই আসে জিজ্ঞাসা। সৃষ্টির ঊষালগ্ন থেকেই মানুষের মনে তাই যে জিজ্ঞাসার আলোড়ন সৃষ্টি হয়েছে - আমি কোথা থেকে এলাম? কোথায় ছিলাম ? কেনইবা এলাম ? আমিবা কে ?- এইসব নানান জিজ্ঞাসাগুলি থেকেই উৎপত্তি হয় দর্শনশাস্ত্রের। আর এই সব খন্ড জ্ঞান থেকে পরম তত্ত্বের সামগ্রিক জ্ঞান উত্তরণের চেষ্টাই হলো দর্শন চিন্তার ভিত্তিভূমি। তাই দর্শন শাস্ত্রের সংজ্ঞা স্বরূপ বলা যায় - জগৎ ও জীবনের স্বরূপ ব্যাখ্যা এবং তার মূল্য অবধারণ অর্থাৎ দর্শন চিন্তার বিলাসিতা নয় জীবন ও জগতের স্বরূপ অবহিত হয়ে তারই আলোকে জীবনকে সুনিয়ন্ত্রিত করা । যথার্থ পথে জীবনকে চালিত করা । এই প্রসঙ্গে দার্শনিক পেরি বলেন "Philosophy is neither accidental nor Subernatural but inevitable and normal" ২)। সংক্ষেপে বলতে গেলে যে সমস্ত বিষয়ের জ্ঞান অসম্ভব সেই সমস্ত বিষয়কে কেন্দ্র করে অনর্থক চুলচেরা বিশ্লেষণ ও বিতর্ক হল দর্শন । দর্শন শব্দটি 'দৃশ্' ধাতুর সঙ্গে 'অনট্' প্রত্যয় যোগে 'দর্শন' শব্দটি উৎপত্তি হয়েছে। দর্শন বলতে সাধারণত চাক্ষুষ প্রত্যক্ষ কে বোঝায় যায় না এক্ষেত্রে দর্শন মানে সত্যের প্রত্যক্ষ উপলব্ধি বা তত্ত্ব সাক্ষাৎকরন। 'দৃশ' শব্দের অর্থ হল 'দেখা' অর্থাৎ মানুষ ব্যাপকভাবে অন্তরিন্দ্রিয় ও বহি:রিন্দ্রিয়ের মাধ্যমে বিশ্বব্রহ্মান্ড সম্পর্কে যে জ্ঞান অর্জন করে তাই হল দর্শন। আবার ইংরেজি প্রতিশব্দ



'ফিলোসফি' শব্দটির অর্থ হলো ' জ্ঞানের প্রতি বা সত্যের প্রতি অনুরাগ। Philosophy শব্দটি মুলত দুটো গ্রীক শব্দের সমন্বয়ে গঠিত হয়েছে। 'Philos' শব্দটির অর্থ হল 'ভালোবাসা' বা 'অনুরাগ' এবং 'Sophia' শব্দের অর্থ হল ' জ্ঞান'।

প্রাত্যহিক জীবনে ঘটমান রহস্য গুলি সম্পর্কে আলোচনা করাই দর্শনের কাজ আর আধিভৌতিক বিষয়গুলি দর্শন শাস্ত্রের বিষয়বস্তু। কিন্তু প্রকৃতপক্ষে এটাই দর্শনের ভিত্তিভূমি নয়। জীবন কি? মনুষ্য জীবনের উৎস কোথায়? জীবনের প্রকৃত উদ্দেশ্য কি? - এই সমস্ত প্রশ্নগুলি দর্শনের মূল প্রতিপাদ্য জিজ্ঞাসা আর এইভাবে সৃষ্টি দর্শনশাস্ত্রের। দর্শনশাস্ত্র কিন্তু মানুষের জীবন এবং অভিজ্ঞতা থেকে বিচ্ছিন্ন নয়। তবুও এসবের মধ্য দিয়ে মানুষের মধ্যে সদা প্রশ্ন জাগে- দর্শনের মূল্য কি? দর্শন পাঠের উপযোগিতা কোথায়? কেননা বিজ্ঞান যেভাবে আমাদের উপকার করে সেভাবে দর্শনের উপকারিতা কোথায়? যারা বিজ্ঞান পড়েন না বা জানেন না তারাও বিজ্ঞানের দ্বারা উপকৃত বা তারাও বিজ্ঞান সম্পর্কে আগ্রহী। কিন্তু দর্শনের জ্ঞান কেবল দর্শনের ছাত্রদের মধ্যে সীমাবদ্ধ। যদিও কিছুমাত্র প্রভাব পড়ে তাও পরোক্ষভাবে। তবে এ কথা ঠিক হলেও দর্শনের মূল্য খুঁজতে গেলে প্রথমে বাস্তববাদী বা হিসেবী মানুষদের একটা সংজ্ঞা খুঁজতে হবে। যারা অর্থাৎ আমরা সমাজস্থ বিচারবুদ্ধি সম্পন্ন মানুষ। এই আমরা যদি আমাদের দৈহিক সুখ সম্পদ ও দৈহিক ক্ষুধা নিবৃত্তির মধ্য থেকে দর্শনের মূল্য খোঁজার চেষ্টা করি তাহলে সেক্ষেত্রে কখনো সম্ভবপর হব না । মানুষের জীবনে দৈহিক সুখ-সম্পদ কাম্য হলেও তা একমাত্র কাম্য বস্তু নয়। ইতর প্রাণী দৈহিক সুখ-সম্ভোগে তৃপ্তি হতে পারে, কিন্তু মানুষ আরও কিছু কামনা করে। মানুষের চাওয়া-পাওয়ার অন্ত নেই। আজ বাড়ী তো কাল গাড়ি, পরের দিন আরো অন্য কিছু , পরে আবার সুন্দর অন্যকিছু। যার আছে সে আরো চায়। তাই কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় বলা যায়

"এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি" (৩)।।